

# EXHIBITION OF
# PROKASH KARMAKAR
(1933-2014)

indianmasterpainters
Buy & Sell Master's Art



# PROKASH KARMAKAR

(Born 1933 Died 2014)

He learnt painting at his father, artist-teacher Prahlad Karmakar's(1900-1946) atelier, till the socio-political turmoil of the 1940s and his father's early death put an end to it.

After his matriculation, Karmakar joined Government College of Arts and Crafts, Calcutta, but quit soon thereafter for reasons of poverty. In between, he designed book covers and worked as an illustrator for his livelihood; he even joined the army but absconded after two years, driven by his desire to paint.

Karmakar learnt the techniques of transparent and opaque watercolours from Kamalaranjan *Thakur*, a former student of his father, and Dilip Das Gupta. However, it was senior artist Nirode Majumdar—once a student of Abanindranath Tagore—who acquainted Karmakar with artistic and philosophical concepts, techniques, coherence of lines, and the breaking of form. Majumdar had recently returned from France after a stay of twelve years, and shared his rich experience with his protégé.

Karmakar held his first exhibition in 1959 on the railings of Indian Museum, Calcutta. In 1969-70, Karmakar visited France on a fellowship to study art museums, an inspiring exposure for the expressionist artist who, being 'primarily a colourist', began to create his figurative monochrome paintings in the 1970s.

**Art Education:**

- 1950-57 His first artistic apprenticeship was with Dilip Das Gupta in his studio;
- 1953 Govt. College of Arts & Crafts Kolkata, but he was unable to complete his education due to family circumstances
- 1964-65 Worked in Nirode Mazumdar's studio, Calcutta.

## Selected Exhibitions and Participation:

- 1959 First one-man show on Pavement (First of its kind in India), Calcutta.
- 1959, 1962, 1964 exhibition. Organized by Banga Sanskrit Sammelan, Bombay and Calcutta.
- 1968 Solo exhibition in Paris.
- 1968 Solo show in Switzerland, West Germany, Holland.
- 1970 Exhibition in Switzerland, West Germany, U.K.
- 1971 Invited to participate in Triennale, organized by Lalit Kala Akademi, New Delhi.
- 1971 Invited to participate in XI Sao Paulo Biennale through Lalit Kala Akademi.
- 1976,81 Invited to exhibit drawing by U.P. State Lalit Kala Akademi, Lucknow.
- 1978 Solo exhibition. Triveni Kala Sangam, New Delhi.
- 1985 Commonwealth Art Exhibition., London.
- 1986 Sengunda Biennale Da La Habana, Cuba.
- 1988 Biennale Dhaka, Bangladesh.
- 1989 Invited to participate in the exhibition of 'Calcutta Three Hundred' in Birla Academy of Art and Culture, Calcutta.
- 1989 Invited to participate in 'Human Rights' exhibition., sponsored by Alliance Francaise de Calcutta and Birla Academy of Art & Culture Kolkata
- 1991 Solo Exhibition of drawing, Gallerie 88, Calcutta.
- 1991 Invited to participate 5th Anniversary show of Birla Academy of Art and Culture, Calcutta.
- 1992 One man show of paintings, Gandhara Art Gallery, Calcutta.
- 1992 Invited to participate in Confluence Art Camp, organized by Alliance France Francaise de Calcutta.
- 1992 Invited to participate in the Silver Jubilee, Birla Academy of Art and Culture, Calcutta.
- 1993 Participated in Artist Camp 'Gangotsav', organized by West Bengal Tourism Development Corp.
- 1993 Participated in Artist Camp for '21 February' in Bangladesh Mission, organized by Bangladesh High Commission, Calcutta.
- 1999 Participated in “Artist in his City” a year long art camp organised specially for him after his return from Allahabad to Calcutta, by Eye Within Art.
- 2006 Participated in art camp held in Myanmar organised by Eye Within Art.
- 2008 Participated in art camp held in USA organised by Eye Within Art.

## COLLECTION

Lalit Kala Akademi, Lucknow, Bangalore and New Delhi. National Gallery of, Modern Art, New Delhi, Art Heritage, New Delhi, Birla Academy of Art and Craft, Calcutta, Allahabad Museum, Allahabad, Lucknow Art Museum, Lucknow, Academy of Fine Arts, Calcutta, Jane and Kito de Boer, Dubai, Tata Institute of Art, Bombay, Tata Centre, Jamshedpur, Bharat Bhawan, Bhopal, Hyderabad Museum, Hyderabad, Delhi Art Gallery, New Delhi

## AWARDS

1957 Certificate of merit at the Annual National Exhibition, New Delhi
1966 Award, Lalit kala Akademi, New Delhi
1968 Lalit kala Akademi, National Award.
French Govt. honoured him with fellowship to study art in Paris
1969-70 Received additional Grant for extensive travel in Western Europe
1970 Rabindra Bharati University Award, Calcutta
1976 Received special award from Maha Koshia Kala Parishad, Raipur
Award, Birla Academy of Art and Culture, Calcutta
1996 Received award from AIFACS.
1999 Received Abanindra Puraskar



# Tribute to Prokash Karmakar


Goutam Das

Prokash Karmakar (1933-2014) learnt painting from his father Prahlad Karmakar(1900-1946) (painter), and professor of Govt. Art College, Calcutta. Prokash Karmakar also joined the Government College of Art & Craft, Calcutta, but was forced to quit due to financial constraints after the demise of his father. He then joined the territorial army to support his family. He left the job after two years, driven by his desire to paint. His artistic prowess was enriched under the guidance of Nirode Mazumdar and Dilip Dasgupta.

I had the opportunity to host a yearlong Art camp, named "ARTIST IN HIS CITY" in Calcutta, in which Prokash was rediscovering his city's pulse centers after returning two decades later from Allahadbad to Calcutta. This Art Camp was held at 12 important places of Kolkata eg. Sealdah Station, Maidan, GPO, Coffee House, Kumartuli, Calcutta Port, Sonagachi , Victoria Memorial, Dakshineswar etc. in the last Saturday and Sunday of each month.

It was attended by many young and senior painters, poets, critics writers and other intellectuals from all over Bengal. He was always the point of main attraction even among the other stalwarts with his forceful, dominant yet simple and innocent behavior.
It was a talk of the town.
I was fortunate to work with him closely in many exhibitions, art camps and sketching tours.
He was a creative genius. He was always spontaneous with his pen and paper.
I can remember he drew a set of 50 wonderful drawings on mother Teresa in one train journey from Kolkata to Delhi after the death of Mother Teresa.
Later it was being published as a book.

We sincerely hope that the art lovers, artists, critics, collectors, art enthusiast should know about the works and a have a feast of their eyes to observe the physical works of one of the most important painter in Indian Contemporary Art.
This exhibition is a tribute to him. Many of his old associates, friends, colleagues and family had contributed their collections for exhibiting in this show. I am thankful to them.



# Rooted In Soil Culture And Art With Modernity

Biman Bihari Das

Prokash Karmakar, is a prominent name in contemporary Indian art. I use to call him as Prokash Da. As a person, Prokash Da was always with a smile. He was very warm and his personality is very charismatic. He used to love everybody especially younger generation I am fortunate to share a very warm relationship with Prakash Da.

Prokash Karmarkar was born in 1933 and passed away in 2014. His paintings are in permanent collections of various prestigious museums, art galleries and private collection in India and abroad. He was the recipient of various prestigious awards, including Lalit kala Academy award, New Delhi and Abanindra Puraskar award, etc.
He was the founder member of the Calcutta Painters group.

Since 60's Prokash Da was experimenting with his vibrant strokes, distorting human figures, horses and creating a new form. Prokash Da's each and every stroke depicts the influence of his soil along with the contemporary perspectives. Prokash Karmakar has established himself, as one of the most successful painter for his unique styles and mostly for his rural urban landscapes of Bengal in his later stage.

Prokash Da, will always remain as a role model in the artist's community. As a good human being he will always remain in the deep of my heart. My whole hearted regards to him. His exhibition is being organized by the Eye Within Art, Kolkata. I wish Prokash Da's Exhibition will give a chance for the young artists to look at the works of one of the legendry painter and creative genius in our time and art connoisseur for a feast of their eyes.



# Prokash Karmakar

Arup K Datta

If a chronicler wishes to record the more important art events of the post-Independence Bengal, Prokash Karmakar will possibly feature in each one of them. In the mid-50's, The Nikhil, Bijan, Prokash troika ruled the scenario with regular shows, frequent appearances on the pages of literary magazines in styles unseen till then. Occasional outbursts against the establishment, and a Bohemian life style that was aped and institutionalized by youngsters made headlines. Shakti Chattopadhyay, Sunil Gangopadhyay and the Krittibas group completed the scenario.

Decades of constant battle to ward off poverty, an iron will not to submit to popular demands, an unwavering faith in one's creative philosophy had taken their toll. Later a much softer, milder artist with greying beards and dark lines around the eyes, Prokash Karmakar once said "No. I did not make any mistakes. I am not going to create any pretty pictures to adorn the walls of the nouveau riche."

Karmakar may or may not have repeated history. But his fierce talent, dynamic passion to liberate art from traditional ways and the subjects he chose constantly remind one of his deep empathy for have-nots. His was a story of struggle. His father Prahlad Karmakar, a well-known artist and teacher at the Government School of Art and Craft, died early. Prokash was too young to benefit from his father's training. Even at art school where he enrolled himself later, he had to quit, for financial constraints. "No regrets at all. I had the opportunity to watch other well-known artists both here and in Europe. I think my stay in Paris, regular visits to famous galleries more than made up my lack of formal trainings" he said once.

Prokash Karmakar was fond of recalling his two-year stay in Paris where he went on a scholarship. He was deeply moved by the old Masters, the Impressionists in particular "Abstract art never took root in my mind. Pure abstraction may be possible in Europe but not here", he said once.

Prokash Karmakar was a born draughtsman and he loved to draw. His understanding of the human figure was superb and with swirling and twisting linear pattern, he could express the sensuality of the female form emphasising those sensitive curves effectively. The brush strokes were arranged in patterns aided by dramatic use of black and white. With time, his style changed but his effort to uncover the source of human sufferings and emotions remained unaltered.

About a decade before his death, Prokash took to landscapes: those date trees bending in a curvature, green leaves leaning downwards, small waterbodies surrounded by abundance of green, tall grasses with a bird or two flying in the sky. All Those elements in the artist's free and flexible brush strokes melted into a single fluid colourful image. The critics and art lovers applauded this new departure wholeheartedly.

Prokash died in 2014, somewhat lonely and uncared for. An artist highly distinctive both in technique and composition, could have offered his audience many more unique creations, had he lived a little longer.



## নারীসৌন্দর্য ও প্রকৃতির সাধকশিল্পী – প্রকাশ কর্মকার

কালীকৃষ্ণ গুহ

প্রকাশ কর্মকার (১৯৩৩-২০১৪) আমাদের সময়ের যে একজন প্রধান চিত্রকর ছিলেন সেকথা আজ না বললেও চলে। তাঁর বাবা প্রহ্লাদ কর্মকার (১৯০০-১৯৪৬) ভারতবর্ষের বরণীয় শিল্পীদের একজন যাঁদের হাতে চিত্রকলার আধুনিক যুগের সূত্রপাত বলা যায়। এক অর্থে এরও আদিগুরু ছিলেন এদেশে রবীন্দ্রনাথ, যিনি পুরোনো শিল্পচেতনা ভেঙে, সুন্দরের প্রতিষ্ঠিত ধ্যানধারণা চুরমার করে, অবচেতন মনের মুক্তি ঘটালেন শিল্পকলায়। এ কাজ তাঁকে করতে হয়েছিল তাঁরই প্রতিষ্ঠিত কলাভবনের দিকে পিঠ ফিরিয়ে, লোকচক্ষুর আড়ালে, যেহেতু তিনি জানতেন যে তাঁর ছবি বেঙ্গল স্কুলের শিল্পীদের কাছে গ্রহণযোগ্য হবে না! তাই তাঁর প্রথম প্রদর্শনীর আয়োজন হয় প্যারিসে এবং পরে, অন্যান্য কয়েকটি বিদেশি শহরে। তবে, পাশাপাশি মনে রাখতে হয়, তাঁর এই আশঙ্কা ছিল অনেকটাই অমূলক যেহেতু অবনীন্দ্রনাথ, নন্দলাল, যামিনী রায় এবং রামকিঙ্কর তাঁকে ভূয়সী প্রশংসা করেন। রামকিঙ্কর বলেন, "আমরা ধরি দৃশ্যকে আর উনি ধরেন অদৃশ্যকে।" অবনীন্দ্রনাথ তাঁর ছবিতে লাভার উদ্গীরণ দেখতে পেয়েছিলেন।

বেঙ্গল স্কুলের বহু প্রশংসিত রূপবোধ তথা সৌন্দর্যবোধ থেকে সরে এসে ব্যক্তিমানুষের অন্তর্লোককে মুক্তি দেয়ার সাধনাই ছিল আধুনিকতার সাধনা এবং বলতেই হবে, এ বিষয়ে রবীন্দ্রনাথের অবদান সর্বাগ্রগণ্য। বহুকালের অবদমিত কামনাবাসনা – প্রেম রূপবোধ মুক্তি পেল তাঁর ছবিতে একেবারে শেষ বয়সে এসে।

তবে রবীন্দ্রনাথের নৈরাজ্যের স্বাধীনতা সকল আধুনিক শিল্পী গ্রহণ করতে পারেননি। পারা স্বাভাবিক ছিল না। তবে এ্যাকাডেমিক শিক্ষার সারবত্তা সঙ্গে নিয়েই শিল্পীদের নিজের নিজের পথে ভাঙচুর করে এগোতে হয়।

প্রথমে ক্যালকাটা গ্রুপের শিল্পীরা একটা বড়ো আকারের পথ তৈরি করেন। তেলরঙের ব্যবহারে প্রথম মুক্তি আসে। ক্যানভাসে বর্ণলেপন, এই হয়ে দাঁড়ায় সাধারণ পদ্ধতি। আসে ন্যুড স্টাডির

মুক্তি। প্রসঙ্গত বলা যায়, যেমন জেনেছি, প্রহ্লাদ কর্মকারই প্রথম নগ্ন নারীকে মডেল করে ছবি আঁকেন তাঁর নিজস্ব স্টুডিওতে। এখানে একটা গভীর পরিতাপের কথা বলতেই হবে, যে ছেচল্লিশ সালের দাঙ্গায় (যা "গ্রেট ক্যালকাটা কিলিং" নামে পরিচিতি পায় অবিভক্ত বাংলার মুসলিম লিগের পাকিস্তান দাবির সমর্থনে ডাইরেক্ট এ্যাকশন ডে পালনের পরিণতি হিসেবে) প্রহ্লাদ কর্মকারের মহামূল্যবান স্টুডিয়োটি ভস্মীভূত হয়ে যায়। এর অল্প পরেই প্রহ্লাদ কর্মকারের মৃত্যু ঘটে যখন প্রকাশের বয়স ১৪ বছর মাত্র। ফলে শুরু হয় তাঁর বাঁচার সংগ্রাম। অসমাপ্ত থাকে তাঁর বিদ্যাশিক্ষা। কিন্তু ছবি আঁকার নেশা তিনি পেয়ে যান বলা যায় রক্তের সূত্রে – বালক বয়স থেকেই বাবার সাহচর্য থেকে। পরে তিনি কিছু দিন পিতৃবন্ধু নীরদ মজুমদারের স্টুডিয়োতে গিয়ে তেলরঙের ব্যবহারে অভ্যস্ত হন এবং ধীরে ধীরে এক্ষেত্রে বিপুল দক্ষতা অর্জন করেন। তাঁর একক সংগ্রাম তাঁকে বাঁচার যে অন্তহীন সাহস জুগিয়েছিল তা-ই ছিল তাঁর জীবনের প্রধান ভরসা। তখন কলকাতায় ছবির কোনো গ্রহীতা ও প্রদর্শনশালা ছিল না বললেই চলে। তিনি তাঁর প্রথম প্রদর্শনীটি করেন চৌরঙ্গির ফুটপাতের একটা রেলিংয়ে। সেটা এই শহরের প্রায় একটা শিল্প-আন্দোলনের  ইতিহাসের মর্যাদা লাভ করে। তিনি একজন শিল্পীর স্বীকৃতি পান।

গত শতকের পঞ্চাশের দশকে দুটি শিল্পীসঙ্ঘ গড়ে ওঠে।সোসাইটি অফ কন্টেম্পরারি আর্টিস্টর্স এবং ক্যালকাটা পেইন্টার্স। প্রকাশ ছিলেন এই দ্বিতীয় গ্রুপের অন্যতম প্রতিষ্ঠাতা আর অন্যান্যদের মধ্যে ছিলেন রবীন মণ্ডল, নিখিল বিশ্বাস, গোপন সান্যাল, বিজন চৌধুরী, মহিম রুদ্র, বিপিন গোস্বামী, যোগেন চৌধুরী, অনিতা রায় চৌধুরী। অন্য গ্রুপের মধ্যমণি ছিলেন গণেশ পাইন, বিকাশ ভট্টাচার্য, সুনীল দাস, গণেশ হালোই, শ্যামল দত্তরায়, লালুপ্রসাদ সাউ, সুহাস রায়, মনু পারেখ প্রমুখ। সকলেই ছিলেন এক-একজন বিপুল শক্তিশালী চিত্রকর এই দুই গ্রুপে। বলতেই হবে সেটা ছিল একটা সর্ব ক্ষেত্রেই বাঙালি জাতির জীবনে প্রতিভাবানদের একটা সম্মেলনের সময়।

একটা সময় প্রকাশ ফরাসি সরকারের বৃত্তি নিয়ে ফরাসি দেশে প্রায় তিন বছর শিল্পের পাঠ নেন। এতে আরো সমৃদ্ধ হয়ে ওঠে তাঁর সৃষ্টিক্ষেত্র যা বিপুল বিস্তৃতি পায়। চূড়ান্ত ভাঙন বা ডিস্টরশন আসে তাঁর ছবিতে। প্রতিকৃতি তথা পোর্ট্রেট অঙ্কনেও তাঁর পারদর্শিতা ছিল প্রশ্নাতীত।

প্রশ্ন উঠতে পারে, তাঁর ছবির বিশেষ কী বৈশিষ্ট্যের কথা উল্লেখযোগ্য। আমাদের মতে তাঁর বিশেষ আকর্ষণের জায়গা ছিল নারীশরীর। নারীসৌন্দর্যের বহু স্তর আর ভাঙন তথা ডিস্টরশন তিনি রূপায়িত করে গেছেন। আর শেষ বয়সে এসে তিনি খুঁজে পেলেন প্রকৃতিকে। প্রকৃতিচিত্র বা ল্যান্ডস্কেপ আঁকা যখন বড়ো শিল্পীরা এড়িয়ে যেতেন (বরং বিমূর্ত শিল্পকর্মে বেশি উৎসাহ বোধ করতে লাগলেন) তখন প্রকাশ একজন প্রকৃতির সাধকের ভূমিকাতেই যেন অবতীর্ণ হলেন। এই প্রকৃতিচিত্রের ভাঙনের মধ্যেই তিনি বিমূর্ততার পরিসর আনলেন যেমন এনেছিলেন নারীচিত্রণে। তাঁর প্রকৃতিচিত্রে গাছপালার ওপর দিয়ে যে হাওয়া বয়ে যায় তা অনুভবী দর্শকদের শরীরে এসে লাগে। এর থেকে বেশি কিছু আমাদের বলার নেই তাঁর চিত্রকর্ম বিষয়ে। একটা শেষ কথা যা

বলতে পারি তা হলো এই যে তিনি সারাক্ষণ ছবি আঁকতে চাইতেন। সারাক্ষণ তাঁর দরকার হতো ছবি আঁকার কাগজ আর কালি বা মার্কার পেন। কার জন্য আঁকছেন, কেন আঁকছেন এসব ভাববার মন বা বিষয়বুদ্ধি নিয়ে তিনি কখনো মাথা ঘামাতেন না। আরেকটা কথা, তিনি ছিলেন অত্যন্ত উদার প্রকৃতির মানুষ। তাঁর সান্নিধ্য বা বন্ধুত্ব যারা পেয়েছে তাদের মধ্যে শিল্পী ও লেখক, কবিরা, পণ্ডিতরা যেমন ছিল তেমন ছিল পাড়ার লোক, দোকানদার এমনকি ভবঘুরেও, যাদের সঙ্গে শিল্পের কোনো সম্পর্ক ছিল না। সব মিলিয়ে একজন আশ্চর্য ও অভিনব মানুষ ছিলেন তিনি। তাঁর আঁকা ড্রয়িং কত যে মানুষের কাছে তাঁর স্নেহের উপহার হিসাবে পৌঁছে গেছে তার ইয়ত্তা নেই।

প্রকাশ কর্মকারের সঙ্গে যত মেলামেশা করেছি তা হয়তো আর কারো সঙ্গে করিনি। ভাবতে আশ্চর্য লাগে কত যে ভালোবাসা পেয়েছি তাঁর কাছ থেকে, কত ভ্রমণ করেছি একসঙ্গে, কত গান-কবিতার আসরে একসঙ্গে বসে থেকেছি, কত কারণে অকারণে তর্ক করেছি। তিনি কখনো কোনো ব্যাপারে ক্লান্তি বোধ করেননি, যদিও তাঁর শ্বাসপ্রশ্বাসের কষ্ট ছিল। কিন্তু মনে হতো তিনি ছিলেন একজন অতিজীবিত মানুষ, যদিও তার স্ত্রীর মৃত্যুর পর তাঁকে হাউ হাউ করে কাঁদতে দেখেছি। বুঝেছি, কোনো মানুষকেই ব্যাখ্যা করে ফেলা সম্ভব নয়। শেষ পর্যন্ত প্রত্যেক সৃষ্টিশীল মানুষই অচেনা থেকে যান। যেন সবাই বহিরাগত, আউটসাইডার।

এইসব কথার বিস্তারে না গিয়ে বরং তার মৃত্যুর পর কবিতা হিসেবে যে-লেখাটি লিখেছিলাম তা নীচে সবিনয়ে নিবেদন করি:


**সমুদ্র ও প্রকাশ কর্মকার**

প্রকাশ কর্মকারের কথা খুব মনে পড়ে। তাঁর চলে যাবার পর আমার একটা সময় হারিয়ে গেছে। এখন সেই হারিয়ে যাওয়া সময়টাকে খুঁজি।

প্রকাশ কর্মকার আমাকে সমুদ্রে নিয়ে যেতেন। আমরা পাশাপাশি বসে সমুদ্রের দিকে তাকিয়ে থাকতাম। আমরা কি কিছু দেখতাম? না আমরা কিছু দেখতাম না।

তাঁর মৃত্যুর দেড় মাস আগে আমি তাঁকে সমুদ্রে নিয়ে গিয়েছিলাম। কিন্তু এবার প্রকাশ কর্মকার হোটেল থেকে দুশো-পা হেঁটেও সমুদ্রের পাড়ে যেতে পারেননি। সমুদ্র কাছেই, এই আনন্দে হোটেলের ঘরে বসে তিনি একের পর এক ছবি আঁকছিলেন। আর বারবার একটা লাইনই শুধু আওড়ে যাচ্ছিলেন, 'যখন পড়বে না মোর পায়ের চিহ্ন এই বাটে।'

এখন সমুদ্রের কথা ভাবলেই প্রকাশ কর্মকার তাঁর প্রসারিত শরীর আর সপ্রাণতা নিয়ে সামনে এসে দাঁড়ান...



# প্রকাশ কর্মকার

শুভাপ্রসন্ন

আমাদের যৌবনে কোলকাতা ছিলো অন্য রকমের, কবির শহর, চিত্রকরের শহর। ছিলো না মোবাইল, ছিলো না এতরকমের ইলেক্ট্রনিক্সের কারবার। মেতে থাকতাম মেলা, উৎসব, বঙ্গ সংস্কৃতি সম্মেলনে। মার্কাস-স্কোয়ার থেকে চলে গেল গড়ের মাঠে। সারা বাংলার শ্রেষ্ঠ গায়ক-গায়িকা, নর্ত্যক-নর্ত্যকী, নাটক ভরে থাকতো অ্যাকাডেমিতে। শম্ভু মিত্র, অজিতেশ বন্দ্যোপাধ্যায়, তৃপ্তি মিত্র পাল্লা দিয়ে নাটক করে চলেছেন সকাল থেকে। মানুষ পাল্লা দিয়ে টিকিট কিনছেন সে নাটক দেখার। তখন শহর মাতিয়ে চলেছেন গৌরকিশোর ঘোষ, প্রকাশ কর্মকার, সাগরময় ঘোষ আরও কতো নাম। প্রকাশদা ছিলেন এক বিচিত্র, বর্ণময়, সৃষ্টিশীল মানুষ। কখনও গাঁদার মালা গলায় চাপিয়ে, বুকে ছবি লাগিয়ে exhibition ওপেন করতে যাচ্ছেন ইণ্ডিয়ান মিউজিয়ামের দেওয়ালে টাঙানো ছবির। আমরা মুক্তমেলা করছি বিশাল মেহগনি গাছের তলায়। কখনও আর্ট ফেয়ার করছি মার্কেট-স্কোয়ারে। মেয়র গোবিন্দ দে উদ্বোধন করছেন। আমি দুটাকায় মুখাকৃতি করছি। ভিড় করে লোক দেখছে। প্রকাশ কর্মকার সুতোতে টাঙিয়ে রেখেছেন তাঁর অসংখ্য ড্রয়িং, পঞ্চাশ টাকায়। আর একদিকে সুনীল দাস, এমনকি গণেশ পাইন-ও। গরম বেগুনি ভাজা হচ্ছে আর চা। পৃথ্বীশ গাঙ্গুলী তখন বাটার ডিজাইনার। মেলাকে সাজিয়ে দিয়েছেন পতাকা দিয়ে। কাছাকাছি নিজামের দোকান, পয়সা হলেই নিজামের রোল চলে আসত। ওইখানেই একটা ঘর জোগাড় হয়েছিল। সেই ঘরে ছবি-টবি রাখা হতো, পরের দিন আবার পসরা সাজাবার জন্য। এই ছিলো প্রকাশ কর্মকারের কোলকাতা। সঙ্গী শক্তি চট্টোপাধ্যায়, সুনীল গঙ্গোপাধ্যায় আর সন্দীপন চট্টোপাধ্যায়। আমরা তখন সবে কলেজ উত্তীর্ণ হয়ে গ্রুপ করেছি। অ্যাকাডেমিতে আমাদের প্রথম exhibition। আমরা সবাই বন্ধু-বান্ধবী মিলে সেখানেই আছি। দ্বিতীয় দিন প্রকাশ দা এসে আমার ঘাড়ে চাপ্পড় মেরে বললেন – "এই তুই এখেনে কি করছিস, আয় আমাদের দলে চলে আয়।" ছেড়ে দিলাম সতীর্থদের দল, তাদের মন খারাপ হল। আমি তো হাতে চাঁদ পাওয়ার মতো রাতারাতি বড়ো

হয়ে গেলাম। বড়োদের দলে নাম লেখালাম। আমাদের দলে তখন রবীন মণ্ডল, বিজন চৌধুরী, মহিম রুদ্র, শর্বরী রায় চৌধুরী, কতো কে! আমি হলুম 'ক্যালকাটা পেন্টার্সে'-র নবীন সদস্য। অন্যদিকে আমাদের প্রতিদ্বন্দ্বী দল SOCIETY OF CONTEMPORARY ARTISTS। এরা কিন্তু অনেক শৃঙ্খলাপরায়ণ। দলের মধ্যমণি তখন অরুণ বোস, শ্যামল দত্ত রায়, গণেশ পাইন, বিকাশ ভট্টাচার্য। আর দলকে বেঁধে রেখেছিল প্রণব রঞ্জন রায়, ডঃ নিহার রঞ্জন রায়ের পুত্র।

সেই প্রকাশ কর্মকার চাকরি করতেন বৈদ্যনাথে। চিৎপুরে লোহিয়া হাসপাতালের পাশে, ঘড়ি মল্লিকের বাড়ির উল্টোদিকে একটা সরু গলি। সেই গলির দোতলায় বৈদ্যনাথের অফিস। বৈদ্যনাথের নানারকম বিজ্ঞাপনের কাজ আঁকতেন প্রকাশদা। তখন সেই বৈদ্যনাথের মালিকের সঙ্গে তৎকালীন এক অভিনেত্রী অঞ্জু মাহিন্দ্রের সঙ্গে সম্পর্ক হওয়ার কারণে কোলকাতার বৈদ্যনাথ লাট খেয়ে যায়। প্রকাশদাকে ডেকে নেন এলাহাবাদে, বৈদ্যনাথের অফিসে। প্রকাশদা সেই ইস্তক এলাহাবাদের অশোকনগরের পস্ এলাকার এক জায়গার বাসিন্দা হয়ে যান। আমাদের পোস্টকার্ডে চিঠি লেখেন – "শুভা চলে যায়। এখানে আমার দুটো বেডরুম, ড্রয়িংরুম। অশোকা রোডে থাকি। খুব পস্ এলাকা, আমরা মজায় কাটাবো।" আমাদের ছাড়া প্রকাশদা কেমন একলা হয়ে গিয়েছিলেন। কোলকাতা মানেই আমি, রবীনদা। আমাদের বয়সের মিল না থাকলেও আমার সব কাজে সারাদিন এঁরাই। আমরা গিয়েছিলাম এলাহাবাদে। কি সুখে ছবি এঁকেছি, বড়ো বড়ো কাগজে রবীনদা, আমি ড্রয়িং করেছি। আর এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ে তখন ফরাসি সাহিত্যের অধ্যাপক ছিলেন কবি অরুণ মিত্র। আমরা সেই সুন্দর প্রাক্-সন্ধ্যায় এলাহাবাদের রাস্তায় ঘুরে বেড়াতাম। মাটির সোঁদা গন্ধ আর অনাবিল আনন্দের শিহরণ নিয়ে ডাক পাড়তাম – 'অরুণ দা, অরুণ দা' বলে। এই ছিল প্রকাশ কর্মকারের সঙ্গে আমার জীবন। তারপরে কতোকাল তাঁকে দেখেছি, সঙ্গ পেয়েছি। তখনও আমি বিবাহ করিনি। মুক্ত গরুর মতো ঘুরে বেড়াতাম, চরে বেড়াতাম। আমাদের সঙ্গে আর এক বন্ধু ছিলেন, তিনি প্রকাশদার গুণমুগ্ধ দিলীপ কুণ্ডু।


প্রকাশদার স্ত্রী বরাবরই অসুস্থ ছিলেন। তাঁদের উপাধি ছিল বন্দ্যোপাধ্যায়। প্রকাশদারা তখন বরাহনগরে থাকতেন, তখন প্রকাশদার প্রতিবেশী ছিলেন অহিভূষণ মালিক, গৌরকিশোর ঘোষ। প্রকাশদার ছেলেকে ওখানকার একটি নামী স্কুলে ভর্তি করানোর জন্য পরীক্ষা দিতে বসতে বলা হয়েছিল। প্রকাশদা নিজে, তার নাম উঠলো কিনা, দেখতে যাননি ভয়ে। গৌরদা আর অহিদাকে পাঠান। তাঁদের ছেলেদের নাম উঠেছে কিন্তু তাঁর পুত্র মলয়ের নাম ওঠেনি। মনটা খারাপ হয়ে গিয়েছিলো। তারপরে জানা গেলো মলয়ের উপাধি কর্মকার না দিয়ে বন্দ্যোপাধ্যায় দিয়েছিলেন। তাই কেউ বুঝতে পারেননি। এইরকম মজার লোক ছিলেন প্রকাশদা।

আমরা নিয়মিত কোলকাতা, মুম্বই, দিল্লি এই তিন শহরে প্রদর্শনী করতাম। তখন আমাদের ললিত কলা অ্যাকাডেমি দিল্লি থেকে গ্র্যান্ট দেওয়া হতো। সেই গ্র্যান্টের শর্ত ছিলো – আমাদের প্রতিটি প্রদর্শনীর নমুনা পাঠাতে হবে, তবেই তারা নিয়মিতভাবে টাকা পাঠাবেন। একাজ করতাম মূলত আমি আর রবীনদা। মাঝে মাঝে দিলীপ কুণ্ডুর সাহায্য পেতাম। শংকর গুহ নামে আমাদের আর এক তরুণ সদস্য ছিলো। সে পয়সাওয়ালা ব্যবসায়ী বাড়ির ছেলে। বড় বড় ছবি আঁকতো। কখনও কখনও তারও সাহায্য পেতাম আমরা। মূলতঃ রবীনদার বাড়ি বেলিলিয়াস লেনে আমাদের সকলের ছবি জড়ো করে

বৌবাজারে পোদ্দার কোর্টের পেছনের গলির এক প্যাকার আমাদের কাঠের বাক্স সুন্দর করে প্যাক করে সাজিয়ে দিতেন। ওরকম যত্ন করে ছবি প্যাক করার মানুষ আর ছিলোনা। রবীনদার বাড়ি ছাড়া আমার বাড়ির প্রায় উল্টোদিকে দু-নম্বর কলেজ রো-এর উঠোনেতেও আগে প্যাক হতো। সবাই জড়ো হয়ে যে যার ছবি ওখানে জড়ো করে প্যাক করে আমরা পাড়ি দিতাম দিল্লি কিংবা মুম্বই আর কোলকাতা তো ছিলোই। তখন আমার কাছে জীবন মানে ছবি আঁকা। আর ক্যালকাটা পেন্টার্সের সকলেই বয়স্ক হলেও সবচেয়ে কাছের মানুষ। তখন আমার অভিভাবক বলতে অহিভূষণ মালিক, গৌরকিশোর ঘোষ আর বিখ্যাত ইলাস্ট্রেটর সুধীর মৈত্র। ওরা আমাকে বললেন, এভাবে তো জীবন যাবেনা। স্টেটস্ম্যানে আর্ট ডিপার্টমেন্টে একটা পোস্ট খালি আছে। ওখানকার ডিরেক্টর অরুণ মৈত্র একজন আর্টিস্ট খুঁজছেন। সুধীর মৈত্র ব্যবস্থা করে দিলেন। আমি গেলুম অরুণবাবুর সঙ্গে দেখা করতে। উনি আমার পরীক্ষা নিলেন। কাজ দেখে রাজি হলেন। বললেন, 'তুমি এখন ১২০০ টাকা পাবে, তার ছ-মাস পরে স্থায়ী হয়ে দুহাজার টাকা হবে।' সে সময় চার অঙ্কের মাইনে পাওয়া একটা দুর্লভ ব্যাপার। আমি যোগ দিলাম। যোগ দিয়ে চার-পাঁচ দিন কাজ করার পর অরুণবাবুর কাছে গেলাম, জানালাম – 'মুম্বইতে আমাদের প্রদর্শনী আছে। প্রদর্শনীর আয়োজক আমরাই। কাজে কাজেই সেই দায়িত্ব নিয়ে আমাকে বম্বে যেতে হবে। যদি আপনি আমায় সাত দিনের ছুটি দেন -', অরুণবাবু ক্রুদ্ধ হলেন। উনি আমাকে বললেন, 'আমিও গভর্নমেন্ট আর্ট কলেজের গোল্ড মেডেলিস্ট। জীবনে ছবি আঁকার মতো মতিভ্রম আর কিছু হয়না। যে কাজ করছো সে কাজ মন দিয়ে করো।' আমি একথা শুনে অপারগ হয়ে তাঁকে বললাম, 'প্রদর্শনীতে আমাকে যেতেই হবে, আমার দায়িত্ব রয়েছে। আর যদি আমি হেরে যাই, আপনি আমার অভিভাবক, আমি ফিরে আসবো আপনার কাছে। আপনি আমায় নেবেন।' বলে চলে আসলাম। আমাকে আর তাঁর কাছে ফিরে যেতে হয়নি। জীবনে আমি এইখানে, সেই ইস্তক। এই ছিলো আমাদের জীবন।

প্রকাশদা যদিও নিয়মিত অংশগ্রহণ করতেন, বিজন চৌধুরিও নিয়মিত ছবি দিতেন – কিন্তু পোস্টকার্ড ছাড়া, বাণী দেওয়া ছাড়া গায়ে-গতরে কোনো কাজ করতেন না; কোলকাতা থাকলেই বা কি, এলাহাবাদের চাকরিতে থাকলেই বা কি। নিজে খুব পরিস্কার পরিচ্ছন্ন গোছালো সংসারী ছিলেন। বৌদি চিররুগ্ন। তাই সংসারের সব দায়-দায়িত্ব, ছেলে-মেয়েদের সাজ-পোশাক পরিয়ে ইস্কুলে পাঠানো, তাদের টিফিনের খাবার ব্যবস্থা করা – এইসব সংসারের যাবতীয় কাজ নিজেই করতেন। আমার মনে আছে, আমি মাঝে মাঝেই হাওড়ার বোটানিকাল গার্ডেনের পাশে দানেশ্ শেখ লেনে তাঁর বাড়িতে যেতাম। দেখতাম পরিস্কার করছেন পাখা, ঘরদোর গুছিয়ে রাখছেন। সব কাজ সেরে, অফিস করে রাত্রে ইজেলের সামনে বসতেন। গলায় ঝোলানো থাকতো মদের বোতল। মাঝে মাঝে ঢক্ ঢক্ করে পান করতেন, আর ছবি আঁকতেন। সেই বোটানিকাল গার্ডেনের পাশের দানেশ শেখ লেনের জায়গা ছেড়ে, ইতিপূর্বে আগেই বলেছি বৈদ্যনাথের চাকরির দায়িত্বে কোলকাতা-এলাহাবাদ হয়ে পরবর্তীকালে বালিতে কয়েকজন বন্ধু মিলে বাড়ি করেন। প্রতিবেশী হন বিজন চৌধুরী, ভাস্কর দেবব্রত চক্রবর্তী প্রমুখেরা। তখন অনেক গ্যালারি থেকে আমন্ত্রণ কর্মশালার। সাম্মানিক কিছু টাকা, যাতায়াতের ব্যবস্থা করা আর থাকার ব্যবস্থা পাঁচতারায় থাকতো। আমরা তাঁদের দেওয়া রঙ, ক্যানভাসে ছবি আঁকতাম। এরকম ছবি আঁকার কর্মশালা শুধু গ্যালারি নয়, আয়োজন করতেন বিভিন্ন নামী-দামী হোটেলের মালিকেরাও।

এইভাবে আমরা তাজের বহু হোটেলে, গ্র্যান্ড হোটেলে, কোলকাতা, মাদ্রাজ, মুম্বই প্রভৃতি শহরে আহুত হয়ে যেতাম, ছবি আঁকতাম। সেইভাবেও প্রকাশদা আমাদের সঙ্গে যেতেন, মজা করতাম। হায়দ্রাবাদের তাজবেঙ্গলের কৃষ্ণা হোটেলে এইভাবে আমাদের শেষ ক্যাম্প মনে পড়ে। প্রকাশদা তখন অসুস্থ, আমরা যে যার ঘরে ছবি আঁকতাম। দেখা হতো ব্রেকফাস্ট টেবিলে, কখনও কখনও লাঞ্চে বা ডিনারে। সেই আমার শেষ দেখা। তিনি কবিতা লিখতেন। শিবনারায়ণ রায়ের 'জিজ্ঞাসা'-য় তাঁর কবিতা প্রকাশিত হয়েছে বহুবার। তাঁর আত্মজীবনীও খুব প্রচারলাভ করেছিলো। শেষ রেট্রোস্পেকটিভ হয় বালিগঞ্জে গান্ধারা নামে এক গ্যালারিতে, খুব বড়ো করে। সেটাই তাঁর শেষ বড়ো প্রদর্শনী। প্রাণবন্ত এই শিল্পী কোলকাতা, বাংলা তথা ভারতবর্ষের অন্যতম শ্রেষ্ঠ আধুনিক শিল্পী ছিলেন। প্রথমদিকে যেমন শরীর, মানুষ, তার শারিরীক ছন্দ, নারী মূলত তাঁর ছবির বিষয় ছিলো পরবর্তীকালে তাঁর নিজস্ব স্ট্রোকে প্রচুর ল্যাণ্ডস্কেপ এঁকেছেন। তাঁর স্ট্রোক দেখলেই তাঁকে সহজে চিহ্নিত করা যেত। প্রথমদিকে নিরোদ মজুমদারের ছাত্র হওয়ার সুবাদে তাঁর ছাপ প্রকাশদার ছবিতে থাকতো। মনে আছে তেরো বছর পরে প্যারিস থেকে ফিরে নিরোদ মজুমদার স্টেটস্‌ম্যানে বিজ্ঞাপন দেন। তিনি চেয়েছিলেন কিছু ছাত্রকে তাঁর ধরণের ছবি আঁকা শেখাতে। সেই বিজ্ঞাপন দেখে অহিভূষণ মালিক, প্রকাশদা আর বিজন চৌধুরিকে হাজির করেন নিরোদবাবুর কাছে। তাঁরা নিয়মিত গুরুর কাছে চর্চা করতে যেতেন। তার বদলে নিয়ে যেতেন দিশি মদের বোতল। পরবর্তীকালে দীর্ঘদিন প্রকাশদার প্রদর্শনীর সমালোচনায় নিরোদবাবুর প্রভাব ও প্রশংসাই অনেকাংশ জুড়ে থাকতো। আর একজন শিল্পীর কাছেও যৌবন বয়সে শিখেছিলেন, তিনি দিলীপ দাসগুপ্ত। তাঁর L.I.C. বিল্ডিং-এর উপরের ফ্ল্যাটেতে প্রকাশ কর্মকার, করুণা সাহা, সনৎ কর, শংকর ঘোষেরা ছবি আঁকা শিখতেন। আমার কাছে একটি বিশাল ছবি, যেটি নিরোদবাবুর প্রভাব থেকেও নিজস্ব রীতিতে এঁকেছিলেন, সেটি FUNERAL PROCESSION – শবযাত্রা। এ ছবিটি, আমার মনে হয়, প্রকাশ কর্মকারকে চিরস্মরণীয় করে রাখবে।



# সমাজ চেতনার চিত্রকর

প্রশান্ত দাঁ

এক অসাধারণ চরিত্র। শিল্পী এবং ব্যক্তি হিসাবে ছিলেন চলতি হাওয়ার পরিপন্থী। প্রচলিত সব রীতিনীতি, বিধিনিষেধ উপেক্ষা করে অভিনব সব কাণ্ডকারখানা ঘটিয়েছেন। তৈরি করেছেন জীবন ও শিল্পের নতুন মূল্যবোধ। খামখেয়ালি, বোহেমিয়ান এই সর্বজনপ্রিয় মানুষটির নাম প্রকাশ কর্মকার।

জন্ম ১৯৩৩ সালের ৩ জানুয়ারি কলকাতার কাঁকুড়গাছি অঞ্চলে। পিতা প্রহ্লাদ কর্মকার (১৮৯৮–১৯৪৬) ছিলেন চিত্রশিল্পী। ম্যাট্রিক পরীক্ষায় পাস করে আশৈশব শিল্পী হবার বাসনায় বিভোর প্রকাশ ১৯৪৯ সালে ভর্তি হন কলকাতার গভর্নমেন্ট আর্ট স্কুলে। তখন সাংঘাতিক অর্থনৈতিক দুরবস্থা। রঙ, তুলি, কাগজ কেনার সামর্থ ছিল না। এই অবস্থায় অধ্যাপক এবং শিল্পী রমেন্দ্রনাথ চক্রবর্তী (১৯০২–১৯৫৫) এই মেধাবী ছাত্রটিকে ফ্রি-তে পড়ার ব্যবস্থা করে দিয়েছিলেন। কিন্তু অভাবের তাড়নায় দ্বিতীয় বর্ষের ছাত্রকে চাকরি নিয়ে চলে যেতে হয় টেরিটোরিয়াল আর্মিতে ১৯৫০ সালে। মাত্র দেড় বছর চাকরি করে চলে আসেন কলকাতায়। এরপর বৈদ্যনাথ ঔষধের কারখানায় যোগদান করেন ১৯৫২ সালে। দিনের বেলায় চাকরি করতেন। রাত জেগে জেগে ছবি আঁকতেন। ১৯৭১ থেকে ১৯৮৭ পর্যন্ত কর্মপোলক্ষে অতিবাহিত করেছেন এলাহাবাদের নৈনীতে। ইতিমধ্যে জলরঙে আঁকা রামবাগানের এক বস্তিবাড়ির ছবি জাতীয় প্রদর্শনীতে সেরা ছবির মর্যাদা লাভ করে। শিল্পী দারুণভাবে উদ্দীপ্ত হন। চাকরি থেকে অবসর গ্রহণ করে ১৯৮৮তে কলকাতায় প্রত্যাবর্তন করে স্থায়ী ভাবে বসবাস করতে শুরু করেন বালির সাহেববাগান অঞ্চলে।

কোনো প্রাতিষ্ঠানিক শিল্পশিক্ষা না নিলেও শিল্পী দিলীপ দাসগুপ্তর সান্নিধ্য প্রকাশ কর্মকারকে শিল্পের পথ চলতে অনেকটা অনুপ্রাণিত করেছিল। বিংশ শতাব্দীর ষাট দশক শিল্পীর জীবনে বিশেষ তাৎপর্যপূর্ণ। এই সময়ে সদ্য প্যারী ফেরৎ চিত্রশিল্পী নীরদ মজুমদারের কাছে জানতে পারেন শিল্পতত্ত্বের অনেক নিগূঢ় রহস্য। অনুভব করেন অবনীন্দ্রনাথ ঠাকুরের জাতীয়তাবাদী চেতনার চেয়ে মানবিকতা

অনেক গুরুত্বপূর্ণ। ষাট দশকের শেষভাগে আরও দুটো উল্লখযোগ্য ঘটনা ঘটে যায়। একটি হল কলকাতার অ্যাকাডেমি অফ ফাইন আর্টস-এর বার্ষিক প্রদর্শনীতে সেরা ছবির সুবাদে পুরস্কৃত হওয়া। অন্যটি হল ১৯৬৮ সালে ফরাসী সরকারে স্কলারশিপ পেয়ে প্যারিসে চলে যাওয়া। প্যারিসের সংগ্রহশালা এবং ফ্রেঞ্চ স্কুলের ইমপ্রেশনিস্ট মুভমেন্ট রূপবোধকে সমৃদ্ধ করে।

সমাজ জীবনের সঙ্গতি-অসঙ্গতি, উত্থান-পতন, আলো-অন্ধকারের মন্থন থেকে উদ্ভাসিত হয় চিত্রকল্প। সমাজ সচেতন শিল্পীর চিত্রপটে সমকালীন জীবন যন্ত্রনার তীব্র আর্তি প্রতিবিম্বিত স্বকীয় আঙ্গিকে। এ প্রসঙ্গে 'ব্যাণ্ড-মাষ্টার', 'সোনাগাছি-বাইলেন', 'কল্লোলিনী কলকাতা' প্রভৃতি চিত্র অধ্যায়ের কথা মনে পড়ে। পরবর্তীকালে নারীর ছিন্নভিন্ন দেহাবয়বে মাংসল রোমান্টিকতার আবেশেও যন্ত্রণার স্পর্শ ছিল। তৃতীয় বিশ্বের মানুষের দারিদ্র্য বিপন্নতা, বঞ্চনা শিল্পীর এলাহাবাদ পর্বের চিত্রভাবনায় আলোড়িত হয়েছে। প্রকাশ কর্মকার সার্ত্রের মতো পোষ্ট হিউম্যানিস্ট বা উত্তর মানবতাবাদে বিশ্বাসী। পৃথিবীর মানবতার ক্ষেত্রে যে আন্দোলনগুলো নতুন চিন্তার আলো জ্বেলে দিয়েছে সেগুলোকে রপ্ত করে কাজে লাগিয়েছেন। জীবনের অন্য এক অর্থে খুঁজে পেয়েছেন উদাত্ত বাউলের গরিবিয়ানার সহজ অবস্থার মধ্যে। চিত্রকল্পে প্রচ্ছন্ন প্রতিবাদী মনোভাব লক্ষ্য করা যায়, যা দেশ কালকে অতিক্রম করে আন্তর্জাতিক চেতনার সঙ্গে সমন্বিত হয়ে যায়। নব্বই দশকের ছবিতে দৃশ্যকল্প একেবারে বদলে যায়। মানুষের অবয়বের পরিবর্তে রূপায়নে ফুটে ওঠে প্রাকৃতিক সৌন্দর্য। বাসভূমি বালি অঞ্চলের প্রকৃতিকে অবলম্বন করেই সৃষ্টি হয় এই পর্বের ছবি। এই চিত্রমালা নিঃসন্দেহে ভারতীয় নিসর্গ চিত্র চর্চায় এক নতুন মাত্রা যোগ করেছে। চিত্রায়নে রেখা খুবই তাৎপর্যপূর্ণ। সরল ও বক্র রেখা যুগপৎ পাশাপাশি রাখার ফলে সংঘাতময় একটা স্পন্দন সৃষ্টি হয়। পারস্পরিক বিন্যস্ত রেখার মধ্যে দিয়ে এই স্পন্দন প্রসারিত হয় ছবির এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত। ভারতীয় আধুনিক চিত্রকলায় নিঃসন্দেহে তাঁর অবদান গুরুত্বপূর্ণ এবং নতুন নান্দনিকতার সমৃদ্ধ।

শিল্পের অন্যান্য শাখার মধ্যে ইউরোপীয় ক্লাসিক্যাল মিউজিক শিল্পীর মনকে গভীর ভাবে নাড়া দেয়। সাহিত্যও আকর্ষন করে। তাঁর নিয়মিত ওঠাবসা ছিল কবি সাহিত্যিকদের সঙ্গে। কবিতাও লিখতেন। ২০০৩ সালের জানুয়ারি মাসে "আমি" শিরোনামে আত্মজীবনীমূলক গ্রন্থ প্রকাশিত হয়। আত্মচরিতে কোন কিছু গোপন করেননি। ভালোমন্দ সবকিছুই খোলাখুলিভাবে ব্যক্ত করেছেন। নির্ভীক লেখা। গ্রন্থ ভূমিকাতে বিদগ্ধ প্রাবন্ধিক শিবনারায়ণ রায় লিখেছেন, 'এই ধরণের দুঃসাহসিক আত্মজীবনী বাংলা ভাষায় এ পর্যন্ত খুব কমই প্রকাশিত হয়েছে।' শুধু লেখা নয়, ব্যক্তিজীবন, শিল্পকথা প্রভৃতি সব ক্ষেত্রেই তিনি ছিলেন সৎ এবং সাহসী। কখনই মুখোশের আড়ালে মুখ ঢাকেননি। এক বিরল চরিত্রের মানুষ। ইনি ছিলেন ১৯৬৪ সালে প্রতিষ্ঠিত 'ক্যালকাটা পেন্টারস্' গ্রুপের সদস্য। স্বল্পকাল রোগভোগের পর সৃষ্টিশীল শিল্পী প্রকাশ কর্মকার প্রয়াত হন ২০১৪ সালে।



# স্মৃতি সততই সুখের

সুদীপ ব্যানার্জী

প্রকাশ কর্মকার এমন একটি নাম ভারতবর্ষের শিল্পকলার ইতিহাসে, যিনি আদ্যোপান্ত আপনভোলা, অগোছালো জীবনযাপনে অথচ অন্তরে অন্তঃসলিলা ফল্গুনদীর ধারার মতো বহমান। ধীর, শৃঙ্খলাবদ্ধ, শিল্পের প্রতি একনিষ্ঠ নিবেদিত এক অসামান্য ব্যক্তিত্বসম্পন্ন প্রতিভাবান মানুষ।

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সাংবাদিক জ্যোতির্ময় দত্ত এক সাক্ষাৎকারে তাঁকে ভারতবর্ষের নৈস্বর্গ ভ্যানগগ আখ্যা দিয়ে আক্ষেপ করে বলেছিলেন, প্রকাশ কর্মকার যদি ইউরোপে জন্মগ্রহণ করতেন তাহলে, ভ্যানগগের সমতূল্য সম্মান আদায় করতে সক্ষম হতেন।

আরেক প্রখ্যাত শিল্পী পরিতোষ সেন প্রকাশ সম্পর্কে এক বিখ্যাত বাংলা পত্রিকায় তাঁর আত্মজীবনী 'আমি' সম্পর্কে লিখেছিলেন ফরাসী দেশের যে কোনো বিখ্যাত শিল্পীর সঙ্গে প্রকাশের এই জীবনযাপনের সঙ্গে তুলনা করা যেতে পারে।

হতদরিদ্র অন্ধকার জগতের মানুষ সুন্দরী ললনা, বারবণিতাদের জীবনের রসদ থেকে তাঁর সৃষ্টিতে ক্যানভাসের শিল্পনৈপুণ্যের যে আবাদ সারা ভারতবর্ষের বিখ্যাত শিল্পসংগ্রাহকদের সংগ্রহে ছড়িয়ে আছে, তা দেশের এক অমূল্য সম্পদ।

এছাড়াও গ্রামবাংলার স্নেহময় স্নিগ্ধ রূপের যে অনুভব তা একমাত্র প্রকাশ কর্মকারের তুলির টানেই ছড়িয়ে আছে, সারা বিশ্বের সংগ্রহশালায়।

তাঁর রচনা দক্ষতা এতটাই গভীর যে প্রকৃতির রূপ-রস-গন্ধের ঘ্রাণ নেওয়া সম্ভব এইসব চিত্রমালা থেকে। তাঁর চলনে বলনে, জীবনযাপনের দর্শনে, তাঁর ক্যানভাসে জীবনের যে অসামান্য শিল্পনৈপুণ্যের সৃষ্টি তিনি রচনা করে গেছেন তা আগামী প্রজন্মের কাছে যেমন অমূল্য সম্পদ,

তেমনই শিল্পপ্রেমিক সংগ্রাহকদের কাছেও, এই সংগ্রহ কুবের ধনের সমতুল্য বলে সমাদৃত হবে। তিনি অমর হয়ে থাকবেন বাংলার শিল্পকলার ইতিহাসে আকাশে, ধ্রুবতারার মতো। তিনি সকলের হৃদয়ের ভালোবাসার প্রকাশ কর্মকার। তাঁর অসামান্য কর্মেই সবকিছুর প্রকাশ।

তিনি স্বভাবসিদ্ধ, দৃপ্ত, অভিজাত ভঙীমায় যে কোনো জগতের যে কোনো মানুষকে এক নিমেষে অন্তরে প্রবেশ করিয়ে নিতে সক্ষম ছিলেন। সে কোন অভিজাত পরিবারের ব্যক্তি হোক বা রাস্তার ভিখারী, সবাইকে তাঁর ভালোবাসায় সিক্ত করে নিতে পারতেন। এত বিখ্যাত একজন শিল্পী হয়েও তাঁর মনে কোনো সময় দাম্ভিকতার লেশমাত্র ছিল না। সহজ, সরল একটি শিশুর মতো বাউল মনে চলাফেরা নির্দ্ধিধায় করতে পারতেন।

এই প্রসঙ্গে একটি ঘটনার কথা উল্লেখ না করে পারছি না, প্রকাশ কর্মকারের বালির সাহেববাগানের বাড়ির কাছে চায়ের দোকানের সামনে এক সকালে কাঙালি ভোজনের আয়োজনে সবার সঙ্গে এক পংক্তিতে আমরা দুপুরের খাওয়া সেরেছিলাম ধুলোভরা রাস্তায় বসে, যা আমার জীবনের একটি নজিরবিহীন ঘটনা। এছাড়াও ঝাড়গ্রামের ডুলুং নদীতে প্রকৃতির স্নান, বা বেনারসের কাছে ভেনডম ফলসের তিনতলার সমান সাঁকো থেকে ঝর্নায় একসঙ্গে ঝাঁপ, অথবা পুরুলিয়ায় চাঁদের আলোর মহুয়া বনে রাত্রিযাপন, বা শান্তিনিকেতনের বাউল গান। এখন সবই মিলেমিশে স্মৃতির গভীরে একাকার। স্মৃতি সততই সুখের।



# একজন ব্যক্তি প্রকাশ কর্মকার

## নাজমা আক্তার

শিল্পী প্রকাশ কর্মকারের শিল্পকর্ম নিয়ে আলোচনা করার ক্ষমতা আমার নেই। তবে ব্যক্তি প্রকাশ কর্মকারকে নিয়ে লিখতে পারি গোটা একটা বই।

শিল্পী প্রকাশ কর্মকারকে আমার প্রথম চেনা শুরু হয় ১৯৯৬ সালে সন্দীপ সরকারের লেখা 'নৈরাজ্যের নীলিমা' বইটি পড়ে। বইটিতে শুধু তাঁর শিল্পকর্ম নয় তাঁর জীবনের নানা দিক থেকে শুরু করে একজন অসাধারণ মানুষের কথাও জেনেছিলাম। জেনেছিলাম একজন পাগলাটে, খ্যাপাটে শিল্পীর কথা।

স্বচক্ষে তাঁকে দেখার বাসনা জাগে। বিশ্বজুড়ে খ্যাতি সম্পন্ন শিল্পীর সঙ্গে দেখা হয়ে যায় বাংলাদেশে বেঙ্গল ফাউণ্ডেশন আয়োজিত আর্ট ক্যাম্পে। সেটা ছিল আমার কাছে স্বপ্নের মত। এই পরিচয়ের সূত্র ধরে কলকাতায় আমার একক চিত্র প্রদর্শনী উপলক্ষ্যে তিনি ছবি দেখতে আসেন গ্যালারীতে। আমাকে তাঁর বাড়িতে নিমন্ত্রণ করেন। একাধিক বার শিল্পীর বাড়িতে গিয়েছি, থেকেছি। খুব কাছাকাছি থেকে দেখেছি তার জীবন-যাত্রার চালচিত্র।

শিল্পী প্রকাশ কর্মকার ছিলেন আমার কাছে একজন পিতৃতুল্য মানুষ। তাঁর খেপাটে, পাগলামী আমি দেখিনি। দেখেছিলাম ধীর-স্থির, শান্ত প্রকৃতির একজন দায়িত্বশীল বাবাকে। সারা বিশ্বজুড়ে খ্যাতিসম্পন্ন মানুষটি ছিলেন বিশাল হৃদয়ের অধিকারী। সহজ, সরল ব্যক্তিত্বশালী নরম মনের মানুষটি ছিলেন অতি সাধারণ।

আড়াইতলা বাড়ির নীচতলায় তাঁর শোবার ঘর। এগারোটার পর খালি গা, খালি পা, হাফ প্যান্ট পরা মানুষটি দোতালায় তাঁর স্টুডিওতে এসে বসতেন। এই বেলা তিনি ছবি দেখতেন। যুদ্ধের ছবি, সত্যজিৎ রায়ের ছবি তাঁর পছন্দের তালিকায়। ছবি দেখার ফাঁকে ফাঁকে গল্প করতেন আমার সঙ্গে।

জলের মত মদ খেতে দেখেছি শান্ত ভাবে। সন্ধ্যের পর তিনি ছবি আঁকতে বসতেন। দুজন শিষ্য ফ্লোরে বসে তার কাছ থেকে ছবি আঁকা শিখতো।

হঠাৎ কোন লোক বাড়িতে আসা তিনি পছন্দ করতেন না। যদি বা এসেছে সুন্দর ভাবে চা-বিস্কুট দিয়ে আপ্যায়ন শেষে বলতেন "আমাকে দেখতে এসেছো, দেখা হয়েছে এবার আসো"। একবার সে ঘটনাটি দেখে আমি খুব হেসেছিলাম। এটাও তাঁর স্বভাবের একটা মজার দিক ছিলো।

খ্যাতিসম্পন্ন উঁচু মাপের খেপাটে, পাগলাটে সব ছাড়িয়ে আমি তার মধ্যে পেয়েছিলাম একজন দায়িত্বশীল পিতাকে। বাবার বাড়ি মেয়ে বেড়াতে গেলে তাকে শাড়ি কিনে দেওয়া, বিদায়কালে "কিছু কিনে খেও বলে" হাতে টাকা গুঁজে দেওয়া, আমার মাইয়া কি খাবে জিজ্ঞেস করে বাজারে ছোটা। বাজার থেকে ফিরে এসে মেয়ের হাতে রান্না খাওয়ার আবদার করা, খেয়ে প্রশংসা করা, বিকালে ঘুরতে নিয়ে যাওয়া সব নিয়ে আমি দেখেছিলাম একজন দায়িত্বশীল পিতার রূপ। সুদীপদা একদিন বলেছিলেন – সারা পৃথিবীর মেয়েরা প্রকাশদার গার্লফ্রেন্ড হলেও নাজমা একমাত্র মেয়ে। এ যে কত বড় পাওয়া আমার কাছে একটিমাত্র বাক্যে ব্যাখ্যা করা কঠিন।

মৃত্যুর অনেকদিন আগে ফোনে বলেছিলেন কক্সবাজার বেড়াতে আসবেন। তাঁর স্টুডিওর আদলে আমার স্টুডিওর জন্য ড্রইং করে দিবেন সে সুযোগ আর ঘটেনি। ইহ জগতের সঙ্গে সব সম্পর্ক চুকিয়ে তিনি ২০১৪ সালে সবাইকে ছেড়ে চলে গেলেন। প্রকৃতপক্ষে তাঁর মৃত্যুর পরই শুরু হলো এক নতুন জীবন। একজন শিল্পীর মৃত্যু সর্বদাই দুঃখজনক। এতে শিল্পীর সাথে মৃত্যু ঘটে অনাগত সৃজনশীলতার।



# প্রকাশ কর্মকারকে দেখেছি

## সমীর আইচ


আমি ভ্যানগগ্‌কে দেখিনি,
আমি প্রকাশ কর্মকারকে দেখেছি।।

আমি মহাকাশ দেখিনি,
আমি প্রকাশ কর্মকারকে দেখেছি।।

মাঝ সমুদ্রে নৌকাকে টলমল করতে দেখিনি,
আমি প্রকাশ কর্মকারকে দেখেছি।।

আমি প্রকাশ কর্মকারকে দেখেছি,
ঝড়ের রাতের হাওয়া,
সবার মাঝে একলা নাবিক,
রঙিন ডিঙ্গা বাওয়া।।
আমি শিল্পী প্রকাশ কর্মকারকে দেখেছি।।

Courtesy: Samir Aich



**Size: 11 x 16 (inches)** **Medium: Pen & Ink on paper**
**Year: 2006**

Courtesy: Kalikrishna Guha




**Size:21.1 x 27.1(inches)** **Medium:Oil on Canvas** **Year: 1969**

Courtesy: Samir Aich




**Size: 14.5 x 10.5 (inches)** **Medium: Pen & Ink on paper**
**Year: 1997**

Courtesy: Samir Aich




**Size: 28 x 22 (inches)** **Medium: Pen & Ink on paper**
**Year: 2006**

Courtesy: Arup K Datta



**Size: 36 x30 (inches)** **Medium: Oil on canvas** **Year: 2003**



**Size: 12 x 9 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 2008**

Courtesy: Bijoy Dey



**Size: 11 x 15 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 1994**

Courtsey: Chaitali Das



**Size: 36 x30 (inches)** **Medium: Acrylic on canvas** **Year: 2007**



**Size: 7 x 5 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 2011**

Courtesy: Bijoy Dey



**Size: 11 x 15 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 2005**

Courtsey: Chaitali Das




**Size: 36 x36 (inches)** **Medium: Acrylic on canvas** **Year: 2006**

Courtesy: Sudip Banerjee




**Size: 7 x 5 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 2011**

Courtesy: Sudip Banerjee




**Size: 11 x 14 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 2011**

Courtsey: Chaitali Das



**Size: 12 x 18 (inches)** **Medium: Oil on canvas** **Year: 1997**

Courtesy: Sudip Banerjee



**Size: 8 x 8 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 1989**

Courtesy: Sudip Banerjee



**Size: 8 x 8 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 1989**

Courtsey: Chaitali Das



**Size: 12 x 18 (inches)** **Medium: Oil on canvas** **Year: 1997**

Courtesy: Sudip Banerjee



**Size: 10 x 13 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 1985**

Courtesy: Arup K Datta



**Size: 7.2 x 10.5 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 1985**



**Size: 30 x 22 (inches)** **Medium: Mix Media on paper**
**Year: 2006**

Courtsey: Chaitali Das




**Size: 30 x 24 (inches)** **Medium: Pen & Ink on canvas** **Year: 2007**




**Size: 15 x 11 (inches)** **Medium: Watercolour on paper**
**Year: 2003**

Courtesy: Sudip Banerjee



**Size: 16.5 x 12 (inches)** **Medium: Watercolour & Ink on paper**
**Year: 2008**




**Size: 30 x 36 (inches)  Medium: Pen & Ink on canvas  Year: 2012**

Courtesy: Arup K Datta




**Size: 15 x 22.5 (inches)** **Medium: Acrylic on paper**
**Year: 2003**



**Size: 24 x 18 (inches)    Medium: Pen & Ink on paper**
**Year: 2000**

Courtesy: Arup K Datta




**Size: 16 x 12.2 (inches)** **Medium: Mix Media on paper**
**Year: 1966**


Courtesy: Arup K Datta



**Size: 15 x 11 (inches)** **Medium: Pen & Ink on paper**
**Year: 2008**



**Size: 25 x 19 (inches)    Medium: Pen & Ink on paper**
**Year: 2000**




**Size: 14.1 x 10.9 (inches)    Medium: Acrylic on canvas**
**Year: 2008**



**Size: 14 x 11 (inches)    Medium: Pen & Ink on paper**
**Year: 2005**

Courtesy: Sudip Banerjee



**Size: 16 x 20 (inches)** **Medium: Pen & Ink on canvas**
**Year: 2007**

**Size: 14.5 x 10.5 (inches)**
**Medium: Acrylic on paper**
**Year: 2008**






**Size: 10 x 14 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 2008**

**Size: 11 x 15 (inches)**
**Medium: Marker and watercolour on paper**
**Year: 2006**



Courtesy: Sudip Banerjee



**Size: 16.5 x 10 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 2013**

Courtesy: Sudip Banerjee



**Size: 22 x 14 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 1989**



**Size: 18 x 24 (inches)**
**Medium: Mix media on paper**
**Year: 2008**

Courtesy: Sudip Banerjee



**Size: 11 x 13 (inches)**
**Medium: Pen & Ink on paper**
**Year: 1990**

Courtesy: Sudip Banerjee



**Size: 16.5 x 12 (inches)**
**Medium: Mix media on paper**
**Year:**

**On the top side signed by "Sunil Gangopadhay"**
**The great poet in Bengali . Written**
**"She is so beautiful that's the reason I Stay near her "**



**Size: 11 x 14 (inches)   Medium: Pen & Ink on paper**
**Year: 2005**

Size: 20 x 14 (inches)
Medium: Pen & Ink on Handmade paper
Year: 2006





Size: 17 x 11 (inches)
Medium: Pen & watercolour on paper
Year: 2008



**Size: 19 x 28.5 (inches)  Medium: Dry Pastel on paper**
**Year: 1999**

WWW.PROKASHKARMAKAR.COM

indianmasterpainters
Buy & Sell Master's Art

EYE WITHIN ART PRIVATE LIMITED
34, SOUTHERN AVENUE KOLKATA 700029
9162380505